

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৪৮৯/২০১৩-৪১৭

তারিখ: ২৯ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: **কারণ দর্শানোর নোটিশ।**

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে এম.রহমত হজ কাফেলা (হ.লা. নং-১৩৬৫), ৬১১, ব্লক-বি, মোতালেব প্লাজা, ৮ পরীবাগ, শাহবাগ, ঢাকা এর স্বত্বাধিকারী হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু, আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মোঃ আব্দুর রাজ্জাক নিম্নরূপ অভিযোগ দাখিল করেন;
"২০২২ সালে এম রহমত হজ কাফেলা এজেন্সির মাধ্যমে কোন হজ কার্যক্রম পরিচালিত না হওয়ায় সার্বিক বিষয় বিবেচনায় তার এজেন্সির মাধ্যমে হজ পালন না করার জন্য এবং অভিযোগকারী ও তাঁর স্ত্রী নামে পি রেজিস্ট্রেশন বাতিলের জন্য প্রায় তিনমাস পূর্বে এজেন্সিকে অনুরোধ করেন এবং অভিযোগকারী কর্তৃক প্রদত্ত ১ লক্ষ ৫২ হাজার টাকা ফেরত প্রদানে গড়িমসি করছেন মর্মে উত্থাপিত অভিযোগ"। এবং

০৪। যেহেতু অভিযোগমতে আপনার এজেন্সি অর্থগ্রহণ করেছে এবং তাঁর প্রমাণক রয়েছে; যেহেতু হজযাত্রীর পি-রেজিস্ট্রেশন বাতিল করেও আপনি অর্থ ফেরত প্রদান করছেন না সেহেতু বিষয়টি হয়রানি ও প্রতারণার সামিল।

০৫। যেহেতু অভিযোগমতে হজের জন্য গ্রহণকৃত অর্থ ফেরত প্রদানে হজযাত্রীকে হয়রানি ও ভোগান্তির জন্য হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১২ অনুযায়ী অনিয়ম ও অসদাচরণ এর কারণসমূহ বিদ্যমান রয়েছে;

০৬। সেহেতু আপনার কর্তৃক পরিচালিত এম.রহমত হজ কাফেলা (হ.লা. নং-১৩৬৫) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১২ ধারা লঙ্ঘন করায় একই আইনের ১৩ অনুযায়ী কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মামুন আল ফারুক
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com

জনাব আলহাজ্ব টিপু সুলতান চৌধুরী
স্বত্বাধিকারী


এম. রহমত হজ কাফেলা (হজ লাইসেন্স নং-১৩৬৫)
৬১১, ব্লক-বি, মোতালেব প্লাজা, ৮ পরীবাগ, শাহবাগ
ঢাকা

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৪৮৯/২০১৩-৪১৭

তারিখ: ২৯ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা
৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (নোটিশটি হজের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬. অফিস কপি



মামুন আল ফারুক
উপসচিব